# কবিকেই যেতে হবে কবিতার পিছু

টুকটাক কথাবার্তা, বিকেলের চুপচাপ খেলা
পাতা ও পল্লবে মৃদু স্রোত
নদীর আবেগ ও বাতাসের ধুন্দুমার গতি
কালকে যেমন ছিল আজও তার কিছুই পাল্টায় নি
উদাসীন, ভবঘুরে পাখি কখন যে কোথায় থামবে
প্রাণমুখ খুলে দিয়ে কোথায় দুদন্ড জিরোবে
গোলাপের গন্ধ আর কতদিন উড়বে মানুষের মুগ্ধতার
এইসব ভাবনার কোনো শেষ নেই।

জল্পনা কল্পনা চলবে কয়েক শো কবির চিন্তার ভেতর
এইসব নেটে ঘেঁটে খুঁজে পেতে কাব্যের ধারাবাহিকতা
চোখের আড়ালে এখনো পড়ে আছে গুরুতর কয়েকটি দরজা
সুচা দৃষ্টিতে খুলে যাবে অজস্র বর্ণমালা
নদীর গোপন মুখের অনুলিপি, মেঘের শব্দ ও ভাষা
দু - একটি অপূর্ব জানলা কপাট।

কয়েকজন কবি তবু মন খারাপ করে আছে
গুম হয়ে বসে আছে রাত বিরেতে মধ্য দরজায়

ছড়িয়ে ছিটিয়ে আছে অমনোনীত বিমর্ষ গোধূলি
ইঁট কাঠ, মানুষের অনেক অশ্রুর বাগান
কুমারীর আলুথালু ধর্ষিতা মুখের কাকলি
মাটির দুঃখের অজস্র স্মৃতিকথা
কবিকে তো একটু খঁজে পেতে নিতেই হবে।

কোথায় কি ছড়িয়ে থাকে স্মৃতিভার
কে আর তাকে তুলে দেবে কবিতার দাহ্যবস্তু ও অমর বাগান
কবিকেই যেতে হবে কবিতার পিছু।

অরূপ আচার্য